

আসল:সীতা কাঁদবে, কবি, অঝোর ধারে ঝমির তপোবনে
নকল সোনার সীতা গড়ি প্রতিষ্ঠিয়া গৌরবে অঙ্গনে

যজ্ঞ যতই হোকনা তোমার লক্ষ উপচারে,
উদ্দেশে যা'র যজ্ঞ তোমার, সে তোমারে শুধুই বারেবারে
জারিয়ে দেবে অভিশাপের বিষে,—
ক্ষমা তোমার ক'রতে পারে কি সে ?

— — — —

যতীন্দ্রনাথ দাস

(কারাগারে অনশনব্রতধারী)

অধ্যাপক—শ্রীপ্যারীমোহন সেনগুপ্ত ।

হে যতীন্দ্র, যতি তুমি সত্য কথা অতি,
বাক্যে তব ছিল যতি, হাশ্বে ছিল যতি,
দারুণ উৎসাহে যতি, বিলাসে নিরতি,
উপাধ্যায়-অাখি'পরে মূর্তি বুদ্ধিমতী,
বক্ষমাঝে অাগ্নি ছিল, ছিল না প্রকাশ,
দুটি চক্ষু যেন স্নিগ্ধ দীপের বিকাশ,
সকল সাধন, বেগ, আগ্রহ প্রবল,
সংযত হাশ্বে তলে ছিল ছলছল ।

তোমারে প্রণাম করি, হে ছাত্র আমার,
হে প্রপিষ্ঠ ভারতের সস্তান দুর্ব্বার,
বরণ করিছ দেহে তীব্র ক্লেশ তুমি,
শ্রায়ের সাধনে লোট অশ্রায়ের ভূমি ।
ভারতের ম্যাক্সইনী, বরিয়া মরণ
এ কি কীর্ত্তি রেখে যাবে মরণদলন ।